

রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী
ঋণ ও অগ্রিম বিভাগ-১



ঋণওঅবি-১ সার্কুলার লেটার নং ০৫/২০২২

তারিখ : ২৮.০৬.২০২২

০১. সকল জোনাল ব্যবস্থাপক
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
০২. উপ-মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
০৩. সকল শাখা ব্যবস্থাপক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)
রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।

বিষয়: বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% রেয়াতি সুদের হারে ঋণ প্রদানের লক্ষ্যে পুনঃঅর্থায়ন স্কিম (Refinance Scheme) পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়

উপর্যুক্ত বিষয়ে কৃষি ঋণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় কর্তৃক ২৭.০৬.২০২২ তারিখে জারীকৃত এসিডি সার্কুলার লেটার নং-০১ এর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হলো (সংযোজনী-‘১’)।

০২। উল্লিখিত সার্কুলার লেটারের মাধ্যমে বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% রেয়াতি সুদ হারে পুনঃঅর্থায়ন স্কিম (Refinance Scheme) এর আওতায় গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণসমূহের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ব্যাংকসমূহকে পুনঃঅর্থায়নকৃত ঋণ আদায়/সমন্বয় এবং ব্যাংকগুলোর ক্ষতিপূরণ দাবীর প্রেক্ষিতে সুদ ভর্তুকি প্রদান/পুনর্ভরণের লক্ষ্যে স্কিমটির মেয়াদ ৩১.১২.২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে।

এমতাবস্থায়, ইতঃপূর্বে জারীকৃত এ স্কিম সংক্রান্ত সার্কুলার/সার্কুলার লেটারের নির্দেশনা মোতাবেক এ খাতে বিতরণকৃত ঋণসমূহ সুদাসলে সম্পূর্ণ আদায় অন্তে যথাযথ নিয়মে সুদ ভর্তুকি দাবীর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(শওকত শহীদুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

চলমান পাতা-২

ঋণঅবি-১ সার্কুলার লেটার নং ০৫/২০২২

তারিখ : ২৮.০৬.২০২২


বিষয়: বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% রেয়াতি সুদের হারে ঋণ প্রদানের লক্ষ্যে পুনঃঅর্থায়ন স্কিম (Refinance Scheme) পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

সূত্র নং-প্রকা/ঋণঅবি-১/৪১/২০২১-২০২২/১২৮২(৪৫৪)

তারিখ: ২৮.০৬.২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
(উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী-কে সার্কুলার লেটারটি রাকাব ওয়েব পেজ এ আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৬। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৭। অধ্যক্ষ, রাকাব, প্রশিক্ষণ ইনস্টিটিউট, রাজশাহী।
- ০৮। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ০৯। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা।
- ১০। অফিস নথি/মহানথি।


২৮.০৬.২০২২

(মোঃ মনোয়ার পারভেজ)

উর্ধতন কর্মকর্তা



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ

কৃষি ঋণ বিভাগ

১৩ আষাঢ়, ১৪২৯

তারিখঃ -----

২৭ জুন, ২০২২

এসিডি সার্কুলার লেটার নং - ০১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

সোনালী/ জনতা/ অগ্রণী/ রূপালী/ বেসিক/ আইএফআইসি/ মিডল্যান্ড/ন্যাশনাল ব্যাংক লিঃ

বাংলাদেশ কৃষি ব্যাংক/ রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক/ আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা/রাজশাহী।

বাংলাদেশকে দুধে স্বয়ংসম্পূর্ণ করার জন্য ৫% রেয়াতি সুদের হারে ঋণ প্রদানের লক্ষ্যে
পুনঃঅর্থায়ন স্কিম (Refinance Scheme) পরিচালনার নীতিমালা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে এসিএফআইডি সার্কুলার নং - ০২ তারিখঃ ০২/০৬/২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা
যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারে উল্লেখিত মেয়াদের মধ্যে গ্রাহক পর্যায়ে বিতরণকৃত ঋণসমূহের বিপরীতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক
ব্যাংকগুলোকে পুনঃঅর্থায়নকৃত ঋণ আদায়/সমন্বয় এবং ব্যাংকগুলোর ক্ষতিপূরণ দাবীর প্রেক্ষিতে সুদ ভর্তুকি প্রদান/পুনর্ভরণের লক্ষ্যে
স্কিমটির মেয়াদ ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো।

০৩। ইতঃপূর্বে ইস্যুকৃত উক্ত স্কিম সংক্রান্ত সার্কুলার, সার্কুলার লেটার এবং পত্রসমূহের অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত
থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ লিয়াকত আলী মোল্লা)

পরিচালক (এসিডি)

ফোনঃ ৯৫৩০১৩৮